

ঢাবির নতুন কোষাধ্যক্ষ অধ্যাপক জাহাঙ্গীর আলম

ঢাবি প্রতিবেদক

২৭ আগস্ট ২০২৪, ০৯:০৩ পিএম



ঢাবির নতুন কোষাধ্যক্ষ অধ্যাপক জাহাঙ্গীর আলম। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন কোষাধ্যক্ষ হিসেবে নিয়োগ পেয়েছেন ফিন্যান্স অ্যান্ড ইনস্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি প্রজ্ঞাপন জারির মাধ্যমে এই নিয়োগ দেওয়া হয়। তিনি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধ্যাপক মমতাজ উদ্দীন আহমেদের স্থলাভিষিক্ত হয়েছেন।

UNIBOTS

প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ফিন্যান্স অ্যান্ড ইনস্যুরেন্স বিভাগের অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরীকে বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার পদে নিয়োগ প্রদান করা হলো। ট্রেজারার পদে তার নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ বছর। উপর্যুক্ত পদে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন। তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন এবং সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন। রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।